



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।  
coop.noakhali.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন,  
সমবয়ে উন্নয়ন”

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩৫.০০১.২০.১১০৩

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯  
০৭ জুলাই ২০২২

### অফিস আদেশ

সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ পূর্বক “প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ” এর আগামী ২৩-০৮-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠেয় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পরিচালনার নিমিত্ত সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৬ (২) বিধি অনুযায়ী নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি নিয়োগ করা হলো।

ক্রঃ নং	নাম ও পরিচিতি	কমিটিতে পদবী
০১	জনাব মোহাম্মদ মনির হোসেন, উপজেলা সমবায় অফিসার, চাটখিল, নোয়াখালী।	সভাপতি
০২	জনাব মোঃ কামাল হোসেন চৌধুরী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।	সদস্য
০৩	জনাব মোঃ হারুন অর রশিদ, সদস্য নং-৩২২, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চাটখিল, নোয়াখালী।	সদস্য

উল্লেখ্য: সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৬(৫) বিধি এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় এর আদেশ নং-৩৬(৫৯০), তারিখ : ২৮-০১-২০০৫খ্রি. এর নির্দেশনা অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সদস্যগণ সমিতির তহবিল হতে উপযুক্ত পরিমাণ সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

### নিয়োগকৃত নির্বাচন কমিটির কার্যপরিধি

- ০১। সমবায় সমিতি আইন, বিধিমালা এবং সমিতির উপ-আইন অনুসারে নির্বাচন পরিচালনা কমিটি নির্বাচনী কার্যক্রম পরিচালনা করবেন।
- ০২। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) ২৭ এর বিধি মোতাবেক নিয়োগকৃত নির্বাচন কমিটি উক্ত নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন।
- ০৩। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৩৪(৫) বিধি অনুযায়ী নির্বাচন পরিচালনা কমিটির সকল সদস্যর স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা, বিজয়ী সদস্য ও নিবন্ধকের নিকট দাখিল করবেন এবং একই বিধিমালার ৩৫(২) বিধি অনুযায়ী নির্বাচন সংশ্লিষ্ট রেজিস্টার ও কাগজপত্র সমিতির কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিবেন।
- ০৪। নির্বাচন চলাকালে নির্বাচন কমিটির কার্যক্রম এবং নির্বাচন অনুষ্ঠানের পর দ্রুত সময়ের মধ্যে নির্বাচনী কাগজপত্রাদি নিবন্ধক তথা জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর দাখিল করবেন।
- ০৫। নির্বাচন চলাকালীন সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করত: স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে নির্বাচন পরিচালনা করতে হবে।

৭-৭-২০২২

মোঃ ইমরান হোসেন  
জেলা সমবায় কর্মকর্তা  
ফোন: ০২৩৩৪৪-৯১৪৪২

ইমেইল:  
dco.noakhali@yahoo.com


নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩৫.০০১.২০.১১০৩/১

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯  
০৭ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) জনাব মোহাম্মদ মনির হোসেন, সভাপতি, নির্বাচন পরিচালনা কমিটি, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চাটখিল, নোয়াখালী।
- ২) জনাব মোঃ কামাল হোসেন চৌধুরী, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চাটখিল, নোয়াখালী।
- ৩) জনাব মোঃ হারুন অর রশিদ, সদস্য, নির্বাচন পরিচালনা কমিটি, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চাটখিল, নোয়াখালী।
- ৪) সভাপতি/সম্পাদক, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চাটখিল, নোয়াখালী।
- ৫) উপজেলা সমবায় অফিসার, চাটখিল, নোয়াখালী।



৭-৭-২০২২

মোঃ ইমরান হোসেন  
জেলা সমবায় কর্মকর্তা